



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং - ক/অ/৯২(০২)/

তারিখ :

বিষয় : ব্যখ্যা প্রদান প্রসঙ্গে।

সূত্র : অধ্যক্ষ মহোদয়ের ৩০-১০-২০১৭ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আপনার কলেজের বিজ্ঞান বিভাগে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ০৬ জন, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ০২ জন এবং ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ০১ জন শিক্ষার্থী ভর্তি আছে। শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন অনুযায়ী উচ্চ মাধ্যমিক পর্যায়ের কোন শিক্ষা প্রতিষ্ঠানে প্রতি বিভাগে কমপক্ষে ৬৬ জন শিক্ষার্থী ভর্তি থাকার বিধান রয়েছে। কিন্তু সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে মাত্র ০২ জন শিক্ষার্থী ভর্তি থাকায় ০৬ জন শিক্ষকের বেতন-ভাতা সরকার বহন করছে। এক্ষেত্রে সরকারি অর্থের অপচয় হচ্ছে।

এমতাবস্থায়, সরকারি অর্থের অপচয় রোধ করার জন্য বর্ণিত কলেজে বিজ্ঞান বিভাগের স্বীকৃতি কেন বাতিল করা হবেনা তার সন্তোষজনক লিখিত ব্যখ্যা পত্র প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য বলা হ'ল।

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

ফোন: ০৪২১-৬৮৬৩৮।

অধ্যক্ষ

ভাতুড়িয়া হাইস্কুল ও কলেজ

ডাক: চাঁচড়া, যশোর সদর, যশোর।

স্মারক নং- ক/অ/৯২(০২)/

৮৭২(০)/

তারিখ : ২৬/১২/২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সদর, যশোর।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৪। সভাপতি, গভার্ণিং বডি, ভাতুড়িয়া হাইস্কুল ও কলেজ, ডাক: চাঁচড়া, সদর, যশোর।
- ৫। অফিস নথি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর